
# নির্বাচন বানচালে সক্রিয় হতে পারে ভেতর-বাহিরের অপশক্তি: প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস সতর্ক করে বলেছেন, আসন্ন জাতীয় নির্বাচন বানচালে দেশের ভেতর ও বাইরে থেকে নানা অপশক্তি সক্রিয় হতে পারে। বড় শক্তি নিয়ে তারা নির্বাচনের পরিবেশ নষ্ট করার চেষ্টা করবে বলেও আশঙ্কা প্রকাশ করেন তিনি।

বুধবার (২৯ অক্টোবর) রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় নির্বাচনের প্রস্তুতি নিয়ে আয়োজিত এক উচ্চপর্যায়ের বৈঠকে প্রধান উপদেষ্টা বলেন, "আগামী জাতীয় সংসদ নির্বাচন হবে একটি বড় চ্যালেঞ্জ। হঠাৎ করেই নানা ধরনের আক্রমণ বা বাধা আসতে পারে। তবে যত ঝড়-ঝাপ্টাই আসুক, আমাদের তা অতিক্রম করতেই হবে।"

তিনি আরও নির্দেশ দেন, নির্বাচনের প্রাথমিক সব কার্যক্রম ১৫ নভেম্বরের মধ্যে শেষ করতে হবে, যাতে নির্ধারিত সময়ের মধ্যে ভোট আয়োজন সম্ভব হয়।

বৈঠকে নির্বাচন কমিশনের (ইসি) সচিব আখতার আহমেদ, স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী এবং আইনশৃঙ্খলা বাহিনীর ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

এর আগে, বিকেলে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে এক সংবাদ সম্মেলনে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম জানান, আগামী ১ নভেম্বর থেকে নির্বাচনকালীন পদায়ন শুরু হবে। ডিসেম্বরের প্রথম সপ্তাহে জাতীয় সংসদ নির্বাচনের তারিখ ঘোষণা করা হবে।

তিনি আরও জানান, জেলা প্রশাসকদের দায়িত্ব বণ্টনের তালিকা প্রস্তুত করা হয়েছে। কেউ নিজের শ্বশুরবাড়ি বা আত্মীয়-স্বজনদের এলাকায় দায়িত্ব পালন করবেন না। পাশাপাশি, গত তিন নির্বাচনে যারা রিটার্নিং অফিসার, পোলিং এজেন্ট বা প্রিসাইডিং অফিসারের দায়িত্বে ছিলেন—তাদের এবার নতুনদের মাধ্যমে প্রতিস্থাপন করা হবে, যাতে নির্বাচন হয় নিরপেক্ষ ও স্বচ্ছ।

LENS ASIA